**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 28-01-2026** **Desk in Charge: Kalyan L.**

**Time : 1-30 PM** **Compiling : Prabal B. / NBR**

**DEO : KB** **NRT: NBR**

**Announcement :-** আকাশবাণী /খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১/ মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী অজিত পাওয়ার আজ সকালে এক মর্মান্তিক বিমান দুর্ঘটনায় প্রাণ হারিয়েছেন। # রাষ্ট্রপতি, উপ রাষ্ট্রপতি প্রধানমন্ত্রী সহ দেশের বিশিষ্ট নেতৃবৃন্দ তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন।

২/ সংসদে বাজেট অধিবেশন আজ শুরু হয়েছে। # উভয় কক্ষের যৌথ অধিবেশনে রাষ্ট্রপতি বলেছেন, বর্তমান সরকার, সামাজিক ন্যায় সুনিশ্চিত করতে দায়বদ্ধ।

৩/ প্রধানমন্ত্রী আজ নতুন দিল্লীতে জাতীয় সমর শিক্ষার্থী বাহিনীর বার্ষিক NCC-PM র‍্যালিতে ভাষণ দেবেন।

৪/ পশ্চিমবঙ্গকে ‘বাংলাদেশ’ বানানোর চেষ্টা চলছে বলে, বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন মন্তব্য করেছেন।

৫/ বাংলাদেশে ফের একবার হিন্দু হত্যার খবরে চাঞ্চল্য ছড়িয়েছে।

৬/ বিশাখাপত্তনমে, পাঁচ ম্যাচের T-20 ক্রিকেট সিরিজের চতুর্থ ম্যাচে ভারত আজ নিউজিল্যান্ডের মুখোমুখি হবে।

*****************************************************************

মহারাষ্ট্রের পুনে জেলায় বারামতীতে আজ সকালে এক মর্মান্তিক বিমান দুর্ঘটনায় রাজ্যের উপমুখ্যমন্ত্রী অজিত পাওয়ার প্রাণ হারিয়েছেন। অসামরিক বিমান পরিবহণ কর্তৃপক্ষ- DGCA জানিয়েছে, এই দুর্ঘটনায় ছ'জনের মৃত্যু হয়েছে।

অজিত পাওয়ার, পঞ্চায়েত সমিতি ও জেলা পরিষদের নির্বাচনে এক জনসভায় অংশ নিতে মুম্বাই থেকে বারামতী যাচ্ছিলেন। বিমানটি বারামতী বিমানবন্দরে অবতরণের সময় ওদূরে একটি মাঠের মধ্যে ভেঙে পড়ে। ঐ বিমানে মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী, দুই নিরাপত্তা কর্মী ও দুই বিমান চালিকা ছিলেন। DGCA জানিয়েছে, এই দুর্ঘটনায় কেউই জীবিত নেই। পুলিশ সুপার সন্দীপ সিং গিল বলেছেন, বিমানটি মারাত্মকভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। দুর্ঘটনাস্থল থেকে তিনটি দেহ উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে। তাঁদের দেহ এখনো আনুষ্ঠানিকভাবে চিহ্নিত করা যায়নি। তদন্তে এই দুর্ঘটনার কারণ উঠে আসবে বলে মনে করা হচ্ছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, তথ্য ও সম্প্রচারমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো, কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল, মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী অজিত পাওয়ারের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন।

রাষ্ট্রপতি মুর্মু এক সোশ্যাল মিডিয়া পোস্টে বলেছেন, মহারাষ্ট্রে বিভিন্ন ক্ষেত্র সহ সমবায় ক্ষেত্রে, তাঁর উল্লেখযোগ্য অবদানের জন্য চিরকাল মানুষ তাঁকে মনে রাখবে। রাষ্ট্রপতি শ্রী পাওয়ারের মৃত্যুকে দুর্ভাগ্যজনক ও অপূরণীয় ক্ষতি বলে বর্ণনা করেছেন। রাষ্ট্রপতি শ্রী পাওয়ারের পরিবার ও ওই অভিশপ্ত বিমানে অন্য যাত্রীদের পরিবারের প্রতিও শোক ও সমবেদনা জ্ঞাপন করেছেন।

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, অজিত পাওয়ারের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন।

*************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, সরকারের সুদৃঢ় নীতি এবং উদ্যোগ, দেশে কৃষি উৎপাদনের হারকে ত্বরান্বিত করেছে, বাজেট অধিবেশনের প্রথম দিনে সংসদের উভয় কক্ষের যৌথ অভিভাষনে রাষ্ট্রপতি বলেন, খাদ্য এবং উদ্যানপালনের ক্ষেত্রে রেকর্ড

উৎপাদন হয়েছে। যেসব শস্যের চাষ অন্যান্য ফসলের তুলনায় পিছিয়ে আছে তাদের উৎপাদন বাড়াতে সরকার কাজ চালিয়ে যাচ্ছে।

( বাইট- রাষ্ট্রপতি/ এগ্রিকালচার)

ভোজ্য তেল, তৈলবীজ ও ডালশস্যের ওপর কার্যকর জাতীয় মিশনের ফলে কৃষিজাত পণ্য আমদানী করার হার উল্লেখযোগ্যভাবে কমেছে। এর ফলে, এই সব ক্ষেত্রে দেশ ক্রমশ আত্মনির্ভরতার দিকে এগিয়ে চলেছে।

রাষ্ট্রপতি বলেন, গত ১১ বছরে দেশের উত্তর পূর্বাঞ্চলে ৭ হাজার ২০০ কিলোমিটারের বেশি জাতীয় সড়ক তৈরী হয়েছে। এর ফলে, প্রত্যন্ত, পাহাড়ী, আদিবাসী অধ্যুষিত এবং সীমান্ত এলাকায় পৌছোনো আরো সহজ হয়েছে। গ্রামীণ এলাকার কর্মসংস্থান ও বিকাশের লক্ষ্যে বিকশিত ভারত জি-রাম-জি আইন কার্যকর হয়েছে বলে শ্রীমতী মুর্মু উল্লেখ করেন। তিনি বলেন, নতুন এই আইনের মাধ্যমে গ্রামাঞ্চলের মানুষদের জন্য ১২৫ দিনের কর্ম নিশ্চয়তার উদ্যোগ নিয়েছে সরকার। একইসঙ্গে দুর্নীতি ও তছরুপের বিরুদ্ধে সরকার যে দীর্ঘ লড়াই চালিয়ে আসছে তাও বন্ধ করা সম্ভব হবে। গ্রামীণ বিকাশকে গতি প্রদানের পাশাপাশি, কৃষক, পশুপালক এবং মৎসজীবিদের জন্য এই আইন নতুন সুযোগ সৃষ্টি করবে বলে তিনি জানান। রাষ্ট্রপতি বলেন, গত এক দশকে গরিবদের জন্য চার কোটি পাকা বাড়ি নির্মাণ করা সম্ভব হয়েছে। গত ১০/১১ বছরে প্রতিটি ক্ষেত্রেই দেশগঠনের ভিত আরও সুদৃঢ় হয়েছে এবং বিকশিত ভারত গঠনের লক্ষ্যে নতুন এই বছরটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমান সরকার, সামাজিক ন্যায় সুনিশ্চিত করতে দায়বদ্ধ বলেও রাষ্ট্রপতি জানান।

( বাইট- রাষ্ট্রপতি ২৫ কোটি )

*************************

ভারত ই ইউ মুক্ত বাণিজ্য চুক্তির এক দিন পর মার্কিন বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রীর বলেছেন, মার্কিন যুক্তরাষ্ট্রের নতুন অর্থনৈতিক পদক্ষেপের ফলে বিশ্ব বাণিজ্যে তৈরী হওয়া অস্থিরতার মধ্যেই ভারতের অবস্থানকে আরো সুদৃঢ় করবে। বেসরকারী সংবাদমাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে গ্রীর বলেন, ইউরোপীয় ইউনিয়নের মতো

বৃহৎ অর্থনীতি, মার্কিন বাজার সঙ্কুচিত হওয়ায় এই মুহূর্তে বিকল্প রপ্তানী গন্তব্য খুঁজছে। বাণিজ্যের গতি বজায় রাখতেই ই ইউ, ভারতের দিকে ঝুঁকেছে বলে মত প্রকাশ করেন তিনি।

এদিকে, ভারত ই-ইউ মুক্ত বাণিজ্য চুক্তির ঘোষনা, দেশের পাশাপাশি আন্তর্জাতিক সংবাদ মাধ্যমের দৃষ্টি আকর্ষন করেছে। অধিকাংশ সংবাদ মাধ্যমেই এই চুক্তিকে সমস্ত বাণিজ্য চুক্তির জননী হিসেবে উল্লেখ করা হয়েছে। সাম্প্রতিক সময়ে এই চুক্তিকে অন্যতম উল্লেখযোগ্য চুক্তি হিসেবে বিবেচনা করা হচ্ছে। ইউরোপ, আমেরিকা এবং বহুপাক্ষিক নানা মঞ্চে এই একে আন্তর্জাতিক অর্থনীতির কূটনৈতিক পদক্ষেপ বলে জানানো হয়েছে। বিবিসি, ফিনান্সিয়াল টাইমস, দ্য গার্ডিয়ান, ইউরো নিউজ, DW, ফ্রান্স 24 সহ বিভিন্ন সংবাদপত্রেও এই চুক্তির উল্লেখযোগ্য দিক প্রতিফলিত হয়েছে।

***************************

ভারতের রিজার্ভ ব্যাঙ্ক ও ইউরোপীয় নিরাপত্তা এবং বাজার কর্তৃপক্ষ ESMA, পারস্পারিক সহযেগিতা এবং তথ্য বিনিময় ব্যবস্থা শক্তিশালী করার লক্ষ্যে একটি সমঝোতা স্মারক পত্র মৌ স্বাক্ষর করেছে। আরবিআই জানিয়েছে, এই চুক্তির ফলে ESMA আরবিআইএ-র নিয়ন্ত্রক পর্যবেক্ষণের ওপর নির্ভর করতে পারবে। পাশাপাশি ইউরোপীয় ইউনিয়নের আর্থিক স্থিতিশীলতাও বজায় রাকা সম্ভব হবে। ESMA জানিয়েছে, এই চুক্তি আন্তর্জাতিক স্তরে পর্যবেক্ষণ ব্যবস্থা ক্ষেত্রে সহযোগিতা আরও দৃঢ় করবে।

***************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীর ক্যারিয়াপ্পা প্যারেড গ্রাউন্ডে জাতীয় সমর শিক্ষার্থী বাহিনীর বার্ষিক এনসিসি পিএম র‍্যালিতে ভাষণ দেবেন। এ বছর র‍্যালির মূল ভাবনা, রাষ্ট্র প্রথম ও কর্তব্যনিষ্ঠ যুব প্রজন্ম। এক প্রধানমন্ত্রীর দপ্তরের তরফে এক বিবৃতিতে জানানো হয়েছে, যুবদের মধ্যে কর্তব্য ও শৃঙ্খলা বোধ এবং জাতীয় অঙ্গীকারের চেতনা প্রতিফলিত হয় এই র‍্যালির মাধ্যমে। এনসিসি সাধারণতন্ত্র দিবসের

এক মাস ব্যাপী শিবিরের সমাপ্তি উপলক্ষ্যেই এই কর্মসূচী। দেশজুড়ে দুই হাজার ৪০০ এর বেশি এনসিসি ক্যাডেট এতে অংশ নিচ্ছেন। এর মধ্যে ৮৯৮ মহিলা।

*************************

আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের মায়াবন্দরে একটি আধুনিক ও সুসংহত মৎস্যবন্দর প্রকল্প অনুমোদন করেছে সরকার। এর জন্য খরচ হবে ২০০ কোটি টাকা। প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনার আওতায় এই প্রকল্পের কাজ হবে। এই বন্দরে ৪৩০ টি মাছ ধরার জাহাজের নোঙরের সংস্থান রয়েছে। এই প্রকল্প মাছ ধরার সুস্থায়ী ব্যবস্থাপনা, নিরাপত্তা, ডিজিটাল ট্র্যাকিং ইত্যাদের পাশাপাশি কর্ম সংস্থান এবং মৎস্যজীবীদের আয় বাড়াতে সহায়তা করবে। ২০৩০-৩১-এর মধ্যে এক লক্ষ কোটি টাকার সি ফুড রপ্তানির লক্ষ্যমাত্রা অর্জনেও এই প্রকল্প বিশেষ সহায়ক হবে বলে সরকার জানিয়েছে।

*************************

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় প্রগতি। আজ শুনবেন বিশেষ আলোচনা উন্নত ভারত গঠনে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বিকল্প শক্তির ব্যবহার। ভারত সরকারের শক্তি বিষয়ক উপদেষ্টা মন্ডলীর সদস্য ও অচিরাচরিত শক্তি বিশেষজ্ঞ ডঃ শান্তিপদ গণ চৌধুরীর সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্তী।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

*************************

দক্ষিণ ২৪ পরগণার নরেন্দ্রপুরের নাজিরাবাদে, বিধ্বংসী অগ্নিকান্ডে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে- ১৬। নিখোঁজ বহু। মৃতদের দেহাংশের DNA পরীক্ষার পর পরিবারের হাতে তুলে দেওয়া হবে। এই ঘটনায় ডেকরেটার্স সংস্থার গুদামের মালিক গঙ্গাধর দাসকে গ্রেপ্তার করেছে নরেন্দ্রপুর থানার পুলিশ। আজ তাকে বারুইপুর মহকুমা আদালতে তোলা হচ্ছে। আগুন লাগার কারণ খতিয়ে দেখতে তদন্ত শুরু করেছে পুলিশ ও দমকল বিভাগ। গতকালই ফরেন্সিক টিম ঘটনাস্থল থেকে নমুনা সংগ্রহ করে।

*************************

পশ্চিমবঙ্গকে ‘বাংলাদেশ’ বানানোর চেষ্টা চলছে বলে, বিজেপির সর্বভারতীয় সভাপতি নীতিন নবীন মন্তব্য করেছেন। দু-দিনের রাজ্য সফরের অন্তিম দিনে আজ দুর্গাপুরে দলীয় কার্যকরতাদের সঙ্গে এক বৈঠকে তিনি বলেন, রাজ্য সরকারের মদতে বাঙ্গালদেশী অনুপ্রবেশকারীদের দেশে ঢোকানো হচ্ছে। মহিলারা যেভাবে লাঞ্ছিত হচ্ছেন তার বিরুদ্ধে লড়াই করার সময় এসেছে। SIR নিয়েও রাজ্য সরকার যে বিরোধী সুলভ ভূমিকা গ্রহণ করেছে, তা’ কখনোই কাম্য নয় বলেও মন্তব্য করেন তিনি।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গে আসন্ন নির্বাচনের আগে সর্বভারতীয় সভাপতির প্রথম এই সফর, বিজেপি কর্মীদের বাড়তি আত্মবিশ্বাস জোগাবে বলে মনে করা হচ্ছে।

**************************

বাংলাদেশের কুড়িগ্রামে মধুচন্দ্র শীল নামে এক ব্যাক্তির মৃত্যুতে চাঞ্চল্য ছড়িয়েছে। গত কয়েক মাসে বেশ কয়েকটি হিংসাত্মক ঘটনায় সেদেশে সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষের মৃত্যুতে উদ্বেগ বাড়ছে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, নিহত মধুচন্দ্র শীল, প্রতিবেশী আবেদ আলির পরিবারের সঙ্গে জমির মাপজোক সংক্রান্ত বিবাদে দীর্ঘদিন জড়িত ছিলেন।  এই ঘটনায় অভিযুক্ত আশরফ আলিকে পুলিশ গ্রেপ্তার করলেও, এর সঙ্গে যুক্ত অন্যান্যদের এখনো আটক করা যায়নি। রাজারহাট পুলিশ থানার ওসি মহম্মদ আব্দুল ওয়াদুদ বলেছেন, দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

**************************

ডিজিটাল যুগে ব্যক্তিগত তথ্য এবং গোপনীয়তা রক্ষার গুরুত্ব সম্পর্কে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আজ পালিত হচ্ছে আন্তর্জাতিক তথ্য গোপনীয়তা দিবস। বিশ্বের প্রথম আইনত বাধ্যতামূলক আন্তর্জাতিক তথ্য সুরক্ষা চুক্তি কনভেনশন ১০৮ স্বাক্ষরের স্মরণে কনভেনশন অফ ইউরোপ এটির সূচনা করে। এই দিনটি সুরক্ষা দিবস নামেও পরিচিত। তথ্যের গোপনীয়তা ডিজিটাল ব্যবস্থার অন্যতম ভিত্তি। এর মাধ্যমে সাধারণ মানুষের ব্যক্তিগত তথ্য সুরক্ষিত করা সম্ভব।

**************************

কেন্দ্রীয় সরকার দেশ জুড়ে জল সংরক্ষণের জন্য ৩২ হাজার কোটি টাকা বরাদ্দ করেছে। জল শক্তি মন্ত্রী সি আর পাতিল গতকাল নতুন দিল্লীতে জল সরবরাহ, স্বচ্ছতা ও স্বাস্থ্য বিধি রক্ষায় যুক্ত কর্মীদের সঙ্গে কথা বলেন। তিনি জানান, MGNREGA এর ৬৫ শতাংশ বরাদ্দ জল সংরক্ষন সংক্রান্ত কাজে ব্যবহৃত হবে। নমামি গঙ্গে প্রকল্পের আওয়তায় ১৫ টি দূষণ প্রতিরোধ প্রকল্প সম্পূর্ণ হয়েছে চলতি বছরে। এর মধ্যে উত্তরপ্রদেশে ছয়টি, বিহারে চারটি ও পশ্চিমবঙ্গে তিনটি প্রকল্প রয়েছে।

*************************

আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে দিল্লি, হরিয়ানা, পাঞ্জাব, চণ্ডীগড়, হিমাচল প্রদেশ, উত্তর প্রদেশ, মধ্যপ্রদেশ, রাজস্থান ও বিহারে আগামিকাল পর্যন্ত ভারী কুয়াশার পূর্বাভাস জারি করা হয়েছে। আবহাওয়া দপ্তরের পক্ষ থেকে জানানো হয়েছে আগামী দু তিনদিন দিল্লি, হরিয়ানা, , হিমাচল প্রদেশ, পাঞ্জাব, চণ্ডীগড়, হরিয়ানা এবং দিল্লিতে শৈত্য প্রবাহের সম্ভাবনা রয়েছে। পশ্চিমবঙ্গ ও সিকিমের হিমালয় পার্বত্য অঞ্চলে বজ্র বিদ্যুৎসহ ঝড়-বৃষ্টি এবং শিলাবৃষ্টির সম্ভাবনা আছে বলেও জানানো হয়েছে।

উত্তরাখণ্ড, বিহার, পূর্ব উত্তরপ্রদেশ, ছত্তিসগড় ও পূর্ব মধ্যপ্রদেশে দমকা বাতাসের সঙ্গে সঙ্গে বজ্রবিদ্যুৎ সহ ঝড়ের সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে। গালফ অফ মান্নার এবং কমরিন অঞ্চলে শুক্রবার পর্যন্ত ঝোড়ো আবহাওয়া বজায় থাকবে বলে জানানো হয়েছে।

*************************

পাচঁ ম্যাচের টি-২০ সিরিজে ভারত আজ নিউজিল্যান্ডের মুখোমুখি হবে। বিশাখাপত্তনমে খেলা শুরু সাড়ে সাতটায়। এর আগের ম্যাচেই সিরিজ জয় নিশ্চিত করেছে ভারত। পাঁচ ম্যাচের সিরিজে ভারত ৩-০ এগিয়ে রয়েছে ভারত।

*******************************************************************